**2014**

BENGALI

( Major )

Paper : 5.1

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) ‘‘ভগবান তোকে ছেলে গড়তে গড়তে মেয়ে গড়েছিলেন বৈ ত নয়।’’ উক্তিটির বক্তা কে?

(খ) রমেশের বিশ্বস্ত ভৃত্যের নাম কী?

(গ) রমা যতীনকে রমেশকে কী বলে ডাকতে বলেছিল?

(ঘ) ‘‘চোর-ডাকাত বংশের ছেলে হঠাৎ কবি হইয়া গেল।’’ এখানে কবি কে?

(ঙ) নিতাইয়ের মামার নাম কী?

(চ) ‘‘কই হে ওস্তাদ না ফোস্তাদ! চা দাও ভাই।’’ উক্তিটি কার?

(ছ) নিতাইয়ের বন্ধু রাজালাল বায়েন কী কাজ করত?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "...দুটো করে মাথা আর কার থাকে বড়বাবু? আপনাদের থাকে না, ত আমাদের মত গরীবের!" উক্তিটি কার? এখানে বড়বাবু কে?

(খ) "কেন জ্যাঠাইমা, জন্মভূমি শুধু ত আমার একার নয়?" উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।

(গ) "...বোন নইলে ভায়ের দুঃখ কেউ বোঝে না।" কে, কাকে এই কথাটি বলেছিল?

(ঘ) "...আচ্ছা সাজ হইছে বাপু। ঠিক কবিয়াল কবিয়াল লাগছে।" উক্তিটি কার উদ্দেশে করা হয়েছে? তাকে কবিয়াল লাগার কারণ কী?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) "এই কুঁয়াপুরের বিষয়টা অর্জিত হইবার একটু ইতিহাস আছে, ... ।" ইতিহাসটি কী, লেখো।

(খ) রমেশের পিতৃশ্রাদ্ধের দিনের বর্ণনা দাও।

(গ) ভৈরব আচার্য ('পল্লীসমাজ') চরিত্রটি আলোচনা করো।

(ঘ) "সেই সূত্রেই গোসাঁইজীর চাকরিতে জবাব দিয়া নিতাই আসিয়া উঠিল স্টেশনে।" নিতাইয়ের গোসাঁইজীর চাকরি ছাড়ার কারণ বর্ণনা করো।

(ঙ) বিপ্রপদ ঠাকুর ('কবি') চরিত্রটি সম্পর্কে যা জান লেখো।





৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৩=৩০

(ক) "পল্লীসমাজের নীচতার একাধিক চিত্র আঁকা হইয়াছে 'পল্লীসমাজ' গ্রন্থে... ।" 'পল্লীসমাজ' উপন্যাস অবলম্বনে পল্লীসমাজের নীচতার কিছু চিত্র তুলে ধরো।

*অথবা*

"রমেশ একটি আদর্শের প্রতীকমাত্র, তাহাকে সজীব মানুষ বলিয়া মনে হয় না।" উক্তিটির গ্রহণযোগ্যতা কতখানি, রমেশ চরিত্র বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

(খ) নিতাইয়ের জীবনে ঠাকুরঝি ও বসনের ভূমিকা নিরূপণ করো।

*অথবা*

'কবি' উপন্যাসে গানগুলোর গুরুত্ব নির্ণয় করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসের বেণী ঘোষাল চরিত্রটির বৈশিষ্ট্য বুঝিয়ে লেখো।

*অথবা*

'কবি' উপন্যাসে রাজা চরিত্রটি কোন্ বিশেষ উদ্দেশ্য সিদ্ধ করেছে সে বিষয়ে তোমার অভিমত দাও।

★★★

(গ) 'সারেঙ' গল্পের সারেঙ চরিত্রটি আলোচনা করো।

*অথবা*

'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের স্টিফান হোরোর পরিণতি কতটা বিশ্বাসযোগ্যভাবে চিত্রিত হয়েছে, আলোচনা করো।

★★★





# 2014

## BENGALI

## ( Major )

Paper : 5.2

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) মোহন পণ্ডিতের আসল নাম কী?

(খ) 'সারেঙ' গল্পের বয়লারের খালাসির নাম কী?

(গ) "বেইমান হলে এইরকমই হয় বটে।" বক্তা কে?

(ঘ) 'গাছ' গল্পটি কার লেখা?

(ঙ) রায়বাহাদুর সঞ্জয়কে কত টাকা বকশিশ দিয়েছিলেন?

(১) দশ টাকা

(২) বিশ টাকা

(৩) পঞ্চাশ টাকা

(৪) একশো টাকা

( শুদ্ধ উত্তর বেছে লেখো)

(চ) প্রসাদী ডোম মোট কত বছর জেল খেটেছে?

(ছ) স্টিফান হোরোর স্কুলের হেডমাস্টার কে ছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) তম্‌না ও রিপুনের আসল নাম কী?

(খ) ''বুদ্ধিকে তোর বলিহারি। আমি জুতো মসমসিয়ে বেড়াই আর আমাকে পুলিশে ধরুক।'' বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(গ) ''আর কেন, এ বিমলবাবু? এবার তোমার বুড়িকে পেনসন দাও।'' বক্তা কে? তিনি কাকে 'বুড়ি' বলেছেন?

(ঘ) ''কাল সকালে ঘরের ছেলে-মেয়েগুলিকে সব পাঠিয়ে দেব। মেহেরবানি করে গুলি চালিয়ে শেষ করে দেবেন।'' বক্তার নাম লেখো। তিনি কাকে একথা বলেছেন?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) 'গোত্রান্তর' গল্পে নেমিয়ার চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) ''সেই দিন হোরোকে আমরা ভাল করে চিনলাম।'' প্রসঙ্গটি বিশদ করো।





(গ) ''ধর্মাবতার, টাকা আমি দিতে পারব না। কিন্তু আমাকে এক মাস জেল না দিয়ে ছ মাস জেল দিন।'' 'ভোটার সাবিত্রীবালা' গল্পে রিপুন কেন একথা বলেছিল তা স্পষ্ট করো।

(ঘ) 'ভারতবর্ষ' গল্পের মাহাতোবুড়ো চরিত্রটি আলোচনা করো।

(ঙ) ''জীসস্! আমি সত্যি ঘাবড়ে গেছি। এই মেয়েটা আমার বাইবেল ও বিজ্ঞান উল্টে দিয়েছে।'' প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৩=৩০

(ক) 'সীমারেখার সীমা' গল্পের সমাপ্তি কীভাবে হয়েছে আলোচনা করে গল্পটির নামকরণের সার্থকতা নির্দেশ করো।

*অথবা*

''গাছ চোখ বুজলো। তার ঘুম পেয়েছে। গাছও ঘুমায়। কত রাত দুশ্চিন্তায় সে ঘুমোতে পারেনি।'' গাছ দুশ্চিন্তায় ঘুমোতে পারেনি কেন তা 'গাছ' গল্পের কাহিনি অবলম্বনে বুঝিয়ে দাও।

(খ) 'অযান্ত্রিক' গল্পে মানুষ ও যন্ত্রের যে বিচিত্র সম্পর্ককাহিনি বর্ণিত হয়েছে তা আলোচনা করো।

*অথবা*

'পরশুরামের কুঠার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) ‘‘মৎপ্রণীত অন্যান্য নাটক হইতে এই নাটকের (সাজাহানের) বিশেষ পার্থক্য আছে।’’ ‘সাজাহান’ নাটক সম্পর্কে নাট্যকারের এমন উক্তির যথার্থ ব্যাখ্যা দাও।

(খ) ‘‘বিচিত্র দোষগুণের সমন্বয়ে’’ ঔরঙ্গজীব চরিত্রটি কতটা শিল্পসার্থক হয়ে উঠেছে আলোচনা করো।

(গ) ‘সাজাহান’ নাটকে দিলদার চরিত্র নাট্যকাহিনির কী প্রয়োজন সিদ্ধ করেছে, আলোচনা করো।

**খ—গুচ্ছ**

(ক) ‘‘ ‘ছেঁড়া তার’ নাটকখানি ট্র্যাজেডির গোত্রভুক্ত।’’ সমালোচকের এমন উক্তি সমর্থনযোগ্য কিনা বিচার করো।

(খ) ‘ছেঁড়া তার’ নাটকে নাট্যকার অপ্রধান চরিত্রগুলোর সমবায়ে এক গুরুত্বপূর্ণ সমগ্রকে গড়ে তোলায় দক্ষতা দেখিয়েছেন—নাট্যাবলম্বনে কথাটি স্পষ্ট করো।

(গ) স্নিগ্ধ, শান্ত, সারল্যের মূর্তি ফুলজানের চরিত্র-চিত্রণে নাট্যকার কতটা সফল, বিচার করো।

★ ★ ★





**2 0 1 4**

# BENGALI

## ( Major )

Paper : 5.3

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) দারার এক পুত্রের নাম সোলেমান, অন্য পুত্রের কী নাম?

(খ) দ্বিজেন্দ্রলাল ‘সাজাহান’ নাটকটি কার স্মৃতির উদ্দেশে নিবেদন করেছিলেন?

(১) রামনারায়ণ তর্করত্ন

(২) গিরিশচন্দ্র ঘোষ

(৩) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(৪) মীর মশাররফ হোসেন

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(গ) ‘ছেঁড়া তার’ নাটকে জাম্বুবানের মুখোশ কে পরেছিল?

(ঘ) কোন্ নাট্যগোষ্ঠী 'ছেঁড়া তার' নাটকের প্রথম মঞ্চাভিনয় করে?

(১) চার্বাক

(২) বহুরূপী

(৩) থিয়েটার ওয়ার্কশপ

(৪) চেতনা

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(ঙ) শ্রীনগরের রাজার নাম কী?

(১) যশোবন্ত সিংহ

(২) মানসিংহ

(৩) পৃথ্বী সিংহ

(৪) কীর্তি সিংহ

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(চ) 'সাজাহান' নাটকের প্রথম অঙ্ক প্রথম দৃশ্যে কোন্ রাজপ্রাসাদের কথা বলা হয়েছে?

(১) আগ্রা

(২) দিল্লি

(৩) মেবার

(৪) লখনউ

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(ছ) 'ছেঁড়া তার' নাটকের অঙ্কসংখ্যা কত?





২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "My Dear Modern Lady, চাষা কথাটা কিন্তু মোটেই গালাগাল নয়।" বক্তা কে, কাকেই বা কথাটি বলা হয়েছে?

(খ) "লছমী চাহিতে দারিদ্র্য বেঢ়ল
মাণিক হারানু হেলে।"

'সাজাহান' নাটকের কোথায়, কে এই গান গেয়েছেন?

(গ) দিলরুবা কেনার টাকাটা রহিম কোথায়, কীভাবে পেয়েছিল?

(ঘ) "দারা আপনার কে? সেও মুসলমান, ঔরঙ্গজীবও মুসলমান।" 'সাজাহান' নাটকে কে, কাকে এমন কথা বলেছিলেন?

৩। সংক্ষেপে প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৫×৩=১৫

(ক) "পিতা, সম্রাট সাজাহান কি বন্দী?" উক্তিটি কার? কোন্ পরিস্থিতিতে, কাকে এমন কথা জিজ্ঞাসা করা হয়েছে?

(খ) 'সাজাহান' নাটকের দিলীর খাঁ চরিত্র সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'ছেঁড়া তার' নাটকে শ্রীমন্ত চরিত্রের উপযোগিতা আছে কি?

(ঘ) "এই শঙ্কাকুল দৃষ্টি, এই ভয়বিহ্বল উক্তি তোমার শোভা পায় না।" জাহানারা কাকে, কোন্ পরিস্থিতিতে এমন কথা বলেছিলেন?

(ঙ) 'ছেঁড়া তার' নাটকের নামটি নাট্যকাহিনির সঙ্গে কতটা সংগতিপূর্ণ?

**2 0 1 4**

# BENGALI

## ( Major )

Paper : 5.4

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) 'পালামৌ' রচনাকালে সঞ্জীবচন্দ্রের বয়স কত ছিল?

(খ) কোল জাতির পুরুষেরা কী কাজ করতো?

(গ) পালামৌ অঞ্চলের রমণীদের গায়ের রঙ কী ছিল?

(ঘ) শব্দ কণ্ডাক্টর (conductor) কী?

(ঙ) রবীন্দ্রনাথ রেঙ্গুনে কত তারিখে পৌঁছেছিলেন?

(চ) রেঙ্গুনের বৌদ্ধমন্দিরে পূজার সামগ্রী কারা বিক্রি করছিল?

(ছ) জাপানের বিখ্যাত চিত্রকরের নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "পাহাড় এখান হইতে অধিক দূর, আপনি সন্ধ্যার মধ্যে তথায় পৌঁছিতে পারিবেন না।" কে, কাকে বলেছিল?

(খ) কত রাত্রিতে সঞ্জীবচন্দ্র ছোটনাগপুরের উদ্দেশে রওয়ানা দিয়েছিলেন? সেখান থেকে পালামৌ কতদিনে পৌঁছেছিলেন?

(গ) জাপান ইউরোপের কাছ থেকে কোন্ দুটি দীক্ষা গ্রহণ করেছে?

(ঘ) আধুনিক জাপানের দুই সর্বশ্রেষ্ঠ শিল্পীর নাম কী ছিল?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) হাজারিবাগে যে ভদ্রলোকের বাড়িতে সঞ্জীবচন্দ্রের আহারের ব্যবস্থা হয়েছিল সেই ভদ্রলোকটির চরিত্র বর্ণনা করো।

(খ) লেখক সঞ্জীবচন্দ্র বরাকর নদী পার হওয়ার সময়ে কোল বালক-বালিকার পয়সা চাওয়ার যে দৃশ্যটি অঙ্কন করেছেন তার বর্ণনা দাও।

(গ) পাথরের গায়ে একটি অশ্বত্থ গাছ দেখে লেখকের মনে কী ভাবের উদয় হয়েছিল, বর্ণনা করো।

(ঘ) আমাদের এই জাপানি কাপ্তেনের একটু বিশেষত্ব আছে। —এই 'বিশেষত্ব'টি কী, আলোচনা করো।

(ঙ) ইরাবতী নদী দিয়ে রেঙ্গুন শহরের কাছাকাছি আসার পর লেখকের সামনে ব্রহ্মদেশের প্রথম পরিচয়টি কীভাবে হয়েছিল, বর্ণনা করো।





৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) 'পালামৌ' গ্রন্থটি অবলম্বনে কোলেদের বিবাহোপলক্ষে ব্যয়জনিত দুর্দশার বিবরণ দাও।

(খ) 'পালামৌ' গ্রন্থটি অবলম্বনে সঞ্জীবচন্দ্রের সৌন্দর্যদৃষ্টির পরিচয় দাও।

(গ) 'পালামৌ'-তে ব্যাঘ্র শিকারের যে কাহিনি আছে, তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

**খ—গুচ্ছ**

(ক) 'জাপানযাত্রী' অবলম্বনে জাপানিদের সৌন্দর্যবোধ সম্পর্কে আলোচনা করো।

(খ) জাহাজ বন্দরে এসে পৌঁছালে জাহাজঘাটে চীনা মজুরদের কাজ দেখে রবীন্দ্রনাথের মনে যে ভাবের উদয় হয়েছিল, তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(গ) 'জাপানযাত্রী' অবলম্বনে জাপানি কবিতার পরিচয় দাও।

★ ★ ★

**খ—গুচ্ছ**

(ক) ‘‘রবীন্দ্রনাথের গল্প মোপাসাঁ-চেখফ্ দুজনের গল্পকেই হার মানায় তার গীতিরস দিয়ে।’’ ‘মোপাসাঁ-চেখফ্-রবীন্দ্রনাথ’ প্রবন্ধ অবলম্বনে সৈয়দ মুজতবা আলীর এই মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

(খ) ‘তোতা কাহিনী’ প্রবন্ধে বর্ণিত সওদাগরের পোষা তোতাটির মুক্তিলাভের কাহিনিটি সংক্ষেপে বর্ণনা করো। প্রসঙ্গত তোতাটি যাবার আগে সওদাগরকে যে শেষ তত্ত্বটি বলেছিল তার অন্তর্নিহিত তাৎপর্যটি অতি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

(গ) ‘‘রাসল পাশা পৃথিবীর আর সব পণ্ডিতদের সঙ্গে একমত হয়ে বলেছেন, পৃথিবীর সব বেদেরই ভাষা নাকি আসলে ভারতীয়।’’ প্রথমে লেখক কী কারণে এই অভিমত সমর্থন করেননি? পরবর্তীকালে কোন্ অভিজ্ঞতায় লেখকের মনোভাবের পরিবর্তন ঘটেছিল, ‘বেদে’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

★ ★ ★





**2 0 1 4**

**BENGALI**

**( Major )**

Paper : 5.5

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) মহর্ষি কণ্বের আশ্রম কোন্ নদীর তীরে অবস্থিত?

(খ) মৃগয়াকালে দুষ্যন্ত যে প্রিয়বয়স্যকে সঙ্গে নিয়েছিলেন, তাঁর নাম কী?

(গ) গৌতমী কে?

(ঘ) ‘‘দেখ, এই দুর্বৃত্ত কোনও মতে, নিবৃত্ত হইতেছে না;’’ —দুর্বৃত্তটি কে?

(ঙ) আবদুর রশীদ কোন্ দেশের মানুষ?

(চ) সৈয়দ মুজতবা আলীর মতানুসারে রবীন্দ্রনাথের গানের যে কোনো একটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(ছ) ‘তোতা কাহিনী’-র মূল গল্পটি কার লেখা থেকে সংগৃহীত হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) ‘‘আমি অকপট হৃদয়ে কহিতেছি, তোমাদের সখীই আমার জীবনসর্ব্বস্ব হইবেন।’’ উক্তিটি কার? ‘তোমাদের সখী’ বলতে এখানে কার কথা বলা হয়েছে?

(খ) ‘‘চমৎকৃত হইয়া, রাজা মনে মনে কহিতে লাগিলেন, তপোবনের কী অনির্বচনীয় মহিমা!’’— রাজার ওইরূপ মনোভাবের কারণ কী?

(গ) ‘তোতা কাহিনী’-র তোতাটির দুটি বিশেষ বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(ঘ) ‘‘এই ভাষাই মহাত্মাজীর আদর্শ ভাষা ছিল।’’ এই আদর্শ ভাষাটি কীরূপ ভাষা?

৩। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

(ক) শকুন্তলার জন্মবৃত্তান্ত ও তাঁর নামকরণের যে কাহিনি অনসূয়া রাজা দুষ্যন্তকে শুনিয়েছিলেন, তা তোমার নিজের ভাষায় লেখো।

(খ) ‘‘সূত! কেহ কহিয়া দিতেছে না, তথাপি তপোবন বলিয়া বোধ হইতেছে।’’ উক্তিটি কার? কী কী লক্ষণের দ্বারা তিনি তপোবনকে বিশেষভাবে চিহ্নিত করতে পেরেছিলেন?





(গ) ‘‘তোমার আপনজন নই আমি?’’ বক্তা কে? কার উদ্দেশে সে একথা বলেছিল? এই আপনত্বের কী কী প্রমাণ বক্তা দিতে চেয়েছিল?

(ঘ) ‘‘সুভাষচন্দ্রের মত নেতাজী বিরল।’’ নেতাজী সুভাষচন্দ্র সম্পর্কে লেখকের এই অভিমতের কারণ কী?

(ঙ) কাইরোতে বৃষ্টি হওয়ার সময় লেখকের পাড়ার কাফের আড্ডায় যা যা ঘটেছিল, তা সংক্ষেপে তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) ‘শকুন্তলা’ অবলম্বনে গদ্যশিল্পী হিসাবে বিদ্যাসাগরের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) ‘শকুন্তলা’ গ্রন্থটি অবলম্বনে শকুন্তলার পতিগৃহে যাত্রার হৃদয়বিদারক কাহিনিটি তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(গ) ‘‘শকুন্তলার দুই সখী, রাজার প্রিয়বয়স্য—‘শকুন্তলা’ গ্রন্থে এঁরা পার্শ্বচরিত্র হলেও কাহিনির অগ্রগতিতে এঁরা বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়েছেন।’’ বক্তব্যটি অনুসরণ করে ‘শকুন্তলা’ গ্রন্থে উল্লিখিত চরিত্রগুলির ভূমিকা কতখানি, তা সবিস্তারে আলোচনা করো।

**2 0 1 4**

BENGALI

( Major )

Paper : 5.6

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) বনবাস থেকে রামচন্দ্রকে ফিরিয়ে আনতে ভরত কোন্ স্থানে গমন করেছিলেন ?

(খ) দক্ষিণারায়ের বাসস্থান কোথায় ?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

"চললে হাঁপানি, থামলে ——।"

(ঘ) 'উলট-পুরাণ'-এর মিস্টার ক্র্যামের পাঠশালাটির নাম কী ?

(ঙ) 'বড় বাজারে'-এর মেছোহাটায় মাছের দালাল কে ?

(চ) কমলাকান্ত ঢেঁকিরূপে স্বর্গে গিয়ে দেবরাজের কাছে কী পুরস্কার প্রার্থনা করেছিলেন ?

(ছ) "তুমি নিজে কালো—পরান্নপ্রতিপালিত, তোমার চক্ষে সকলই 'কু'—" 'পরান্নপ্রতিপালিত' শব্দের অর্থ কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) 'স্বয়ংবরা' গল্পের নায়িকার নাম কী? তিনি কোন্ দেশের অধিবাসী?

(খ) 'রাষ্ট্রবিৎ' পত্রিকায় কোন্ কোন্ ভারতীয় দ্রব্যের বিজ্ঞাপন প্রকাশিত হয়েছিল?

(গ) "দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে, আশ্চর্য সন্দেশ করিয়া, সস্তা দরে বিক্রয় করিতেছে।" এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃত তাৎপর্যে তাঁরা সস্তা দরে কী বিক্রি করছিলেন?

(ঘ) 'মনুষ্য ফল' প্রবন্ধে কমলাকান্ত দেশি হাকিমদের কোন্ ফল বলে চিহ্নিত করেছেন? কেন?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর লেখো : ৫×৩=১৫

**ক—গুচ্ছ**

(ক) "হাস্যদমনের জন্য সত্য একটি মুষ্টিযোগ ব্যবহার করিয়া থাকে।" 'মুষ্টিযোগ' মানে কি? এই মুষ্টিযোগটির পরিচয় দাও।

(খ) "ত্রেতাযুগের লোকগুলো ছিল কুচুন্ডে রাসকেল"—কে এই উক্তি করেছিলেন? প্রসঙ্গ উল্লেখ করে এর তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) তাৎপর্য বিশ্লেষণ করো :

"মা লক্ষ্মী, তোমার ঠোঁটের সিঁদুর অক্ষয় হোক।"





**খ—গুচ্ছ**

(ক) 'আমার মন' প্রবন্ধে কমলাকান্ত 'পঞ্চানন্দ' বলতে কোন্ কোন্ আনন্দকে নির্দেশ করেছেন, আলোচনা করো।

(খ) "আমিও—আমি শ্রীকমলাকান্ত চক্রবর্তী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম।" কমলাকান্ত কেন খানায় পড়েছিলেন? বৃত্তান্তটি বিবৃত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) 'কচি সংসদ' গল্পের হাস্যরস সম্বন্ধে আলোচনা করো।

(খ) 'স্বয়ংবরা' গল্পের পরিসমাপ্তি সম্বন্ধে আলোচনা করো।

(গ) 'উলট-পুরাণ' গল্পের সার ট্রিকসি টার্নকোটের চরিত্রটি পর্যালোচনা করো।

**খ—গুচ্ছ**

(ক) 'বসন্তের কোকিল' প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'ঢেঁকি' প্রবন্ধের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের কমলাকান্তের চরিত্রটি আলোচনা করো।

★ ★ ★